

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ৩১.১২.২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

স্বাস্থ্য সেবাকে নাগরিকদের দোর গোড়ায় নিয়ে যেতে চাই: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগকে ঢেলে সাজানোর মাধ্যমে স্বাস্থ্য সেবা কে নাগরিকদের দোর গোড়ায় নিয়ে যেতে চান চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। মঙ্গলবার ১৯ নং ওয়ার্ডস্থ চর চাক্কাই মাঠ প্রাঙ্গণে আল্লামা আবুল খায়ের ফাউন্ডেশনের উদ্যোগে বিনামূল্যে চক্ষু চিকিৎসা, ছানি অপারেশন, ঔষুধ ও চশমা বিনামূল্যে বিতরণ কর্মসূচি উদ্বোধন করেন মেয়র। এ কার্যক্রমের অংশ হিসেবে ৫ শতাধিক রোগীকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা করা হয় এবং শতাধিক রোগীকে বিনামূল্যে ছানি অপারেশনের জন্য নির্বাচন করা হয়। সানাউল কাদের সানি'র সঞ্চালনায় এবং মুহাম্মদ সুহাইল সালেহ'র সভাপতিত্বে এতে প্রধান বক্তা ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল চট্টগ্রাম মহানগরের সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর, সাবেক কাউন্সিলর ইয়াছিন চৌধুরী আছু, মো. ফয়সাল, এয়াকুব চৌধুরী নাজিম, ইউনুস চৌধুরী হাকিম, রেজিয়া সুলতানা মুন্সিহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগকে ঢেলে সাজানোর মাধ্যমে স্বাস্থ্য সেবাকে নাগরিকদের দোর গোড়ায় নিয়ে যেতে চাই আমি। আমরা সিটি কর্পোরেশন থেকে বিনামূল্যে বিভিন্ন ভ্যাকসিন প্রদান করছি। এছাড়া ডেঙ্গু শনাক্তকরণ এবং চিকিৎসার ব্যবস্থাও আমরা বিনামূল্যে করছি। আমি আশাবাদী, আল্লামা আবুল খায়ের ফাউন্ডেশন আমাদের সাথে মিলিত হয়ে এই কাজগুলো আরও কার্যকরভাবে বাস্তবায়ন করবে। আমি আল্লামা আবুল খায়ের ফাউন্ডেশনকে অনুরোধ করবো, আমাদের সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে যদি তারা কিছু সেবা প্রদান করে, আমরা যৌথভাবে এই সেবাগুলো পরিচালনা করব। মানুষের মৌলিক অধিকার সংরক্ষণে কাজ করলে তা সবার জন্য উপকারী হবে। চট্টগ্রামে অনেক ধনী ব্যক্তি রয়েছেন, কিন্তু তারা সাধারণ মানুষের উন্নয়নমূলক কাজে খুব একটা এগিয়ে আসেন না। আমি ফাউন্ডেশনকে আহ্বান জানাই, যেন তারা আমাদের সাথে স্বাস্থ্যসেবার মতো গুরুত্বপূর্ণ উদ্যোগে অংশ নেয়। আমরা জনগণকে পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য সচেতন করছি এবং মশা নিধনের কার্যক্রম চালাচ্ছি। এলাকাগুলোর নালা-নদীগুলো পরিষ্কার রাখা ও ময়লা না ফেলার বিষয়েও মনিটরিং করছি। সবার সহযোগিতায় আমরা চট্টগ্রামকে একটি সুন্দর ও বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তুলতে চাই।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮